بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

প্রধান উপদেষ্টা

**প্রধান উপদেষ্টা**
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১৭ চৈত্র ১৪৩১
৩১ মার্চ ২০২৫
(পবিত্র শাওয়াল মাসের চাঁদ দেখা সাপেক্ষে)

# বাণী

মুসলিম জাহানের অন্যতম প্রধান ধর্মীয় উৎসব ঈদুল ফিতর উপলক্ষ্যে দেশবাসী ও বিশ্বের সকল মুসলমানকে আন্তরিক শুভেচ্ছা ও ঈদ মোবারক জানাই।

মাসব্যাপী সিয়াম সাধনা শেষে ধনী-গরীব নির্বিশেষে সকলের জীবনে ঈদ আনন্দের বার্তা বয়ে আনে। আমাদের শান্তি, সহমর্মিতা ও ভ্রাতৃত্ববোধের অনুপম শিক্ষা দেয়। হিংসা-বিদ্বেষ ও হানাহানি ভুলে মানুষ সাম্য, মৈত্রী ও সম্প্রীতির বন্ধনে আবদ্ধ হয়। ঈদের আনন্দ ভাগ করে নেয় সকলের সাথে।

ব্যক্তি, পরিবার, সমাজ ও রাষ্ট্রীয় জীবনে মুসলমানদের আত্মশুদ্ধি, সংযম, সৌহার্দ ও সম্প্রীতির মেলবন্ধন পরিব্যাপ্তি লাভ করুক- এই হোক ঈদ উৎসবের ঐকান্তিক কামনা। হাসি-খুশি ও ঈদের অনাবিল আনন্দে প্রতিটি মানুষের জীবন পূর্ণতায় ভরে উঠুক।

ইসলাম শান্তির ধর্ম। আসুন, সকল প্রকার অন্যায়, অনাচার, হানাহানি ও কুসংস্কার পরিহার করে ব্যক্তি, সমাজ ও জাতীয় জীবনের সকল স্তরে ইসলামের চেতনাকে প্রতিষ্ঠা করি।

বিশ্বের সকল মানুষের সুখ-শান্তি, কল্যাণ ও সমৃদ্ধির জন্য আজকের দিনে আমি মহান আল্লাহর কাছে প্রার্থনা করি।

মহান আল্লাহ আমাদের সহায় হোন। আমিন।

**প্রফেসর মুহাম্মদ ইউনূস**